

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ জ্যৈষ্ঠ ১৪২১বঙ্গাব্দ/২৯ মে ২০১৪ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ১৯-১৮৪-আইন/২০১৪।—যেহেতু সরকার The Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ০৫ ডিসেম্বর, ২০১৩ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ৩৬৪-আইন/২০১৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু, সরকার উক্ত Act, এর section 5, section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (৪) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “১০,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২০,০০০ (বিশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৪৭৪৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) বিধি ১৯ ক এর পর নিম্নরূপ নৃতন বিধি ১৯ খ সংযোজিত হইবে, যথা :—

“১৯খ। নন-স্ট্যান্ডার্ড সিলিন্ডারে গ্যাস ভর্তির ফি ।—(১) নন-স্ট্যান্ডার্ড সিলিন্ডারে গ্যাস ভর্তির অনুমতি লাভের জন্য প্রধান পরিদর্শকের নিকট নিম্নবর্ণিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা :—

(ক) প্রথম ৫(পাঁচ)টি সিলিন্ডারের জন্য ২০০ (দুইশত) টাকা;

(খ) পরবর্তী প্রতি ৫ (পাঁচ)টি বা অংশ বিশেষের জন্য ১৫০ (একশত পঞ্চাশ) টাকা; এবং

(গ) ১৬৫ (একশত পঁয়ষষ্ঠি)টি বা তদুর্দশ সিলিন্ডারের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা।”;

(গ) বিধি ৩৩ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “৫,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ৪৭ এর উপ-বিধি (২) এর দফা (ক) তে উল্লিখিত “৩০০” সংখ্যার পরিবর্তে “৮০০ (আটশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি ৫২ এ উল্লিখিত “১০০(একশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫০০(পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(চ) তফসিল ৪ এর—

(অ) ক্রমিক নং ১ এর বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “৬০০ (ছয়শত)” এবং “৩০০(তিনশত)” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) ক্রমিক নং ২ এর বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত “৫০০০” সংখ্যার পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) ক্রমিক নং ৩ এর বিপরীতে ৫ নং কলামে—

(i) দফা “আ” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” ও “৫০০(পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ii) দফা “ই” এর বিপরীতে উল্লিখিত “১০০০” এবং “৫০০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,৫০০ (এক হাজার পাঁচশত)” এবং “৭০০ (সাতশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

-
- (iii) দফা “ই” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “৫০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (iv) দফা “উ” এর বিপরীতে উল্লিখিত “৫০০” এবং “২৫০” সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “৫০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, কমা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা
অতিরিক্ত সচিব।